

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ২য় প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব সুবোল বোস মনি অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময়	: ২৭/০১/২০২২; সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	: সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি	: সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সভাপতি জনাব সুবোল বোস মনি এর সভাপতিত্বে দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার বিষয়ক ২য় প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের উপর ভার্চুয়াল পদ্ধতিতে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের উপর আলোচনা করা হয়। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব হাফছা বেগম সভায় আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করেন। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় ১ম প্রান্তিকের কোন অর্জন নেই; তথ্য বাতায়ন হালনাগাদে সঠিক পদ্ধতি অবলম্বন করা হয়নি; শুদ্ধাচার সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নেই; ফোকাল হিসেবে ০১ (এক) জন পরিচালক/সমমান কর্মকর্তার মনোনয়ন প্রয়োজন মর্মে পরিলক্ষিত হয়। মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড নেই; শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য হালনাগাদ নেই। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নেই। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় দেখা যায় যে, স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে কোন সভা করা হয়নি; তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি; বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার কোন তথ্য নেই এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে পরিচালক/সমমান কর্মকর্তার মনোনয়ন প্রয়োজন মর্মে পরিলক্ষিত হয়। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় তথ্য বাতায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তার মোবাইল নম্বর নেই; বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নেই এবং তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি। মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নেই এবং তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রেরিত কর্মপরিকল্পনায় তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদনে শুদ্ধাচার কৌশল ২০২১-২২ ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তথ্য বাতায়নে নেই এবং তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করা হয়নি। সকল দপ্তর/সংস্থায় স্টেকহোল্ডারসহ সকল প্রকার সভা সঠিকভাবে আয়োজনে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিদ্ধান্তঃ

- (১) সকল দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন/সেবা বক্স সঠিকভাবে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে সকল দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে পরিচালক/সমমান কর্মকর্তার মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২) স্টেকহোল্ডারসহ শুদ্ধাচার সংক্রান্ত সকল সভা নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে আয়োজন করা এবং প্রমাণকসমূহ (সভার নোটিশ, ছবি, কার্যবিবরণী) সংরক্ষণ এবং বছর শেষে প্রমাণকসমূহ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৩) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

- (৪) দপ্তর/সংস্থার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় বিকল্প কর্মসংস্থানসহ অন্যান্য উপকরণ বিতরণ পরিবীক্ষণ কার্যক্রমে মন্ত্রণালয়ের কর্মকর্তা অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৫) এ মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব নূর মোহাম্মদ কর্তৃক প্রতিসপ্তাহের বৃহস্পতিবার অধীনস্থ দপ্তর/সংস্থার ওয়েবসাইট চেককরতঃ প্রতিবেদন প্রতি রবিবার প্রশাসন-৩ অধিশাখায় জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সুবোল বোস মনি)  
অতিরিক্ত সচিব

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা